

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১২, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১১ই ডিসেম্বর, ২০০০/২৭শে অগ্রহায়ণ, ১৪০৭

এস, আর, ও নং ৩৫৯ আইন/২০০০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 185(1) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Income Tax Rules, 1984 এ নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিতেছে। প্রস্তাবিত সংশোধনী উক্ত section এর sub-section (4) এর বিধান মোতাবেক এতদ্বারা প্রাক-প্রকাশ করা হইল। উক্ত সংশোধনী দ্বারা ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইতে পারেন এইরূপ সকল ব্যক্তির জ্ঞাতার্থে এই মর্মে নোটিশ প্রদান করা যাইতেছে যে, এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী পনের দিনের মধ্যে উক্ত সংশোধনীর বিষয়ে কাহারো কোন পরামর্শ বা আপত্তি থাকিলে তিনি উহা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে লিখিতভাবে প্রেরণ করিতে পারিবেন এবং জাতীয় রাজস্ব বোর্ড উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

প্রস্তাবিত সংশোধনী

উপরিউক্ত Rules এর rule 17A এর প্রথম Proviso এর clause(c) বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
ফারুক আহমদ সিদ্দিকী
সদস্য (আয়কর নীতি)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৭২১)

মূল্য : টাকা ১.০০